তারিখ ... 12/7/79 ...
পৃষ্ঠা ... 1 কলাম 5 ...

দৈনিক বাংলা

181

# কুমিল্লা বোর্ড : এইচএসসি পরীক্ষায় পাসের হার ৬৫.২২

(স্টাফ রিপোর্টার)

কুমিল্লা বোর্ডের ১৯৭৯ সালের এইচএসসি পরীক্ষার ফল গতকাল মঙ্গলবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৬৫ দশমিক ২২ ভাগ। অংশগ্রহণকারী ২২ হাজার একশ ৫৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪ হাজার ৪শ ৫০ জন উত্তীর্ণ হয়েছেন।

কৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে দু'শ ৩৯ জন প্রথম বিভাগ, ৩ হাজার

(৩-এর পৃঃ দ্রঃ)

## কুমিল্লা বোর্ড

(১ম পৃঃ পর)

একশ ৭৬ জন দ্বিতীয় বিভাগ এবং ১১ হাজার ৩৫ জন তৃতীয় বিভাগে পাস করেছেন। সম্মিলিত মেধা তালিকার প্রথম স্থান অধিকার করেছেন ফৌজদারহাট ক্যাডেট কলেজের আহমদ শহীদ।

সম্মিলিত মেধা তালিকার ২০ জন কৃতী ছাত্রছাত্রী হচ্ছেন: প্রথম: আহমদ শহীদ—ফৌজদারহাট ক্যাডেট কলেজ। দ্বিতীয়: নূরুদ্দিন মোহাম্মদ ইউসুফ—ভিক্টোরিয়া সরকারী কলেজ ও সঞ্জীব দত্ত—চট্টগ্রাম কলেজ। তৃতীয়: আবদুল খালেক ফৌজদারহাট ক্যাডেট কলেজ। চতুর্থ: মোহাম্মদ খায়রুল হাসান জেসী—ভিক্টোরিয়া সরকারী কলেজ। পঞ্চম: মনজুর এলাহী চৌধুরী—ফৌজদারহাট ক্যাডেট কলেজ। ষষ্ঠ: এ এম এম ইয়াহিয়া—রেসিডেন্সিয়াল মডেল স্কুল। সপ্তম: মোহাম্মদ হানিফ সিদ্দিকী—ফৌজদারহাট ক্যাডেট কলেজ। মোহাম্মদ আবুল হাসানাত—ফৌজদারহাট ক্যাডেট কলেজ। অষ্টম: এ কে মিসবাহউদ্দিন—চট্টগ্রাম কলেজ। নবম: ইকবাল ইবনে আমিন—চট্টগ্রাম কলেজ। দশম: মোহাম্মদ জসীমউদ্দিন মজুমদার—ভিক্টোরিয়া সরকারী কলেজ। একাদশ: মোহাম্মদ মইনুল ইসলাম—ফৌজদারহাট ক্যাডেট কলেজ। দ্বাদশ: মোহাম্মদ মোস্তফা—ফৌজদারহাট ক্যাডেট কলেজ। ত্রয়োদশ: আ: হ ম সাঈদুর রেজা চৌধুরী—চট্টগ্রাম কলেজ। চতুর্দশ: মেহেরুন নেসা পারভীন—চট্টগ্রাম কলেজ। পঞ্চদশ: আ ন ম মোশাররফউদ্দিন—নিজামপুর কলেজ। ষোড়শ: মোহাম্মদ শাহ আলম—চট্টগ্রাম সরকারী বাণিজ্যিক কলেজ। সপ্তদশ: শামসুদ্দিন মোহাম্মদ ইসহাক—ফৌজদারহাট ক্যাডেট কলেজ। অষ্টাদশ: সেলিম হোসেন—ফৌজদারহাট ক্যাডেট কলেজ ও সুমানা জরিন ওমর—চট্টগ্রাম কলেজ। ঊনবিংশ: সাবিনা কাদির—চট্টগ্রাম উচ্চ মাধ্যমিক কলেজ। বিংশ: শাহানা ইয়াসমিন—সিলেট মহিলা কলেজ।

এদের মধ্যে পঞ্চম স্থান অধিকারী মনজুর এলাহী চৌধুরী মানবিক এবং পঞ্চদশ স্থান অধিকারী মোশাররফউদ্দীন ও ষোড়শ স্থান অধিকারী বাণিজ্য গ্রুপের ছাত্র। এছাড়া আর সবাই বিজ্ঞান গ্রুপের।